গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩(অংশ-১)/২০১০/ ২৮৮৪ তারিখঃ ০১/১১/২০১৫ইং

প্রতি,

১। নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ..........................।

২। উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
..........................উপজেলা, জেলাঃ ..........................।

বিষয়ঃ **e-GP সিস্টেমে Invalid Webmail ID এর ব্যবহার পরিহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র ই-জিপি কার্যক্রম সঠিক ও সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে ই-জিপি সিস্টেম ব্যবহারকারী সকল অফিসসমূহের জন্য চাহিদানুযায়ী এলজিইডি ডোমেইনে (@lged.gov.bd) Webmail ID তৈরী করা হয়েছিল। পরবর্তীতে উক্ত ID ব্যবহার করে ই-জিপি সিস্টেমে User Registration প্রক্রিয়া সম্পন্নের জন্য প্রতিটি অফিসের PE Admin (জেলার ক্ষেত্রে সিনিয়র সহকারী প্রকৌশলী ও উপজেলার ক্ষেত্রে উপজেলা প্রকৌশলী) কে দায়িত্ব প্রদান করা হয়। এ প্রক্রিয়ায় প্রাথমিক পর্যায়ে প্রতিটি জেলা ও উপজেলা অফিসের ই-জিপি সিস্টেমে দরপত্র প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তার ই-জিপি User ID তৈরী করা হয়, যেখানে Valid Webmail ID ব্যবহৃত হয়েছে। ই-জিপি সিস্টেমে কাজ করার ক্ষেত্রে ব্যবহৃত User ID টি একটি Valid Webmail ID হওয়া বাধ্যতামূলক। এখানে উল্লেখ্য এলজিইডি'র ডোমেইনে Webmail ID তৈরী করার দায়িত্ব ও এখতিয়ার শুধুমাত্র সদর দপ্তরের MIS Unit এর রয়েছে। কিন্তু ইদানিং পরিলক্ষিত হচ্ছে যে, মাঠ পর্যায়ে PE Admin হিসাবে ভূমিকা পালনকারী কিছু কর্মকর্তা ইতোমধ্যে বুঝে/না বুঝে এলজিইডি ডোমেইন (@lged.gov.bd) যুক্ত করে Invalid Webmail ID দ্বারা ই-জিপি সিস্টেমে তার অফিসের জন্য অতিরিক্ত User ID তৈরী করছেন/করেছেন এবং উক্ত Invalid ID দরপত্র প্রক্রিয়ায় ব্যবহার করছেন। Invalid ID ব্যবহারের ফলে তাদেরকে পরবর্তীতে ই-জিপি সিস্টেমের Password সংক্রান্ত জটিলতার সম্মুখিন হতে হচ্ছে, যার ফলশ্রুতিতে উক্ত অফিসের কোন কোন দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হচ্ছে না, যা সম্পূর্ণ অনভিপ্রেত। উল্লেখ্য ই-জিপি সিস্টেমে দরপত্র প্রক্রিয়াকরণের জন্য প্রতিটি অফিসের জন্য প্রয়োজনীয় সকল Valid Webmail ID সদর দপ্তর হতে সরবরাহ করা হয়েছে এবং পরবর্তীতে এ প্রক্রিয়ায় অন্য কোন User ID ব্যবহারের প্রয়োজন হলে তা কেন্দ্রীয়ভাবে প্রদান করা হবে।

এমতাবস্থায়, ই-জিপি সিস্টেমের PE Admin হিসাবে ভূমিকা পালনকারী কর্মকর্তাদেরকে তার অফিসের আওতায় কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন User ID তৈরী এবং এলজিইডি'র কর্মকর্তাদের Invalid Webmail ID ই-জিপি সিস্টেমে ব্যবহার করে দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণ পরিহারের জন্য কঠোরভাবে নির্দেশ দেওয়া হলো। ইতোপূর্বে তৈরী/ব্যবহৃত এ ধরনের User ID সমূহ অবিলম্বে Deactivate করার জন্য নির্দেশনা দেওয়া হলো। পরবর্তীতে এ বিষয়ে কোন ধরনের গাফিলতি পরিলক্ষিত হলে দায়ী কর্মকর্তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি ঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৩। প্রকল্প পরিচালক (সকল).................................................. এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

D:\e-GP Letter\e-GP Letter (2015-16).doc